### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৵০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

মহারাজা, রাজা, মহামহোপাধ্যায় পণ্ডিত, জজ, ম্যাজিষ্ট্রেট ও বহু অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

**সোণামুখী কেশ তৈল**

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট গুণে ও গন্ধে অতুলনীয়।

মূল্য প্রতি শিশি ১৲ এক টাকা।

চ্যবনপ্রাশ /১ সের (৮০ তোলা) ১০৲

বাতের তৈল প্রতি শিশি ২॥০ টাকা

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন ও কবিরাজ শ্রীআন্ত্যাপ্রসন্ন গাঙ্গুলী, কবিরঞ্জন

সোণামুখী ভবন, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)

৩৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২২শে শ্রাবণ বুধবার ১৩৫৮ ইংরাজী 8th Aug. 1951 | ১৩শ সংখ্যা

**অরবিন্দ এণ্ড কোং**

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
মূল্য ছয় পয়সা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২২শে শ্রাবণ বুধবার সন ১৩৫৮ সাল।

## সমর্পণ ও সমর-পণ

—০—

কাশ্মীরে যখন হানাদারদের সম্মুখে রাখিয়া পাকীস্থানের কর্ত্তারা ভারতের বিরুদ্ধে তাহাদের সমস্ত সাহায্য করিতেছিলেন, তখনই ভারতীয় নেতারা বুঝিতে পারিয়াছিলেন যে, ইহা পাকীস্থানী বন্ধুদের নেকী কাম। তখনই ভারতীয় কর্ত্তারা পাকীস্থানী দোস্তদের বলিতে পারিতেন যে দোস্ত, তোমাদের জবরদোস্তি (জবরদস্তি ?) আমরা বুঝিয়াছি। হয় মুখোস্ খুলে লেগে পড়ো না হয় পিছিয়ে যাও। এই দোস্তালির আবরণে দুস্‌মনকে চিনিয়াও এঁরা চিনিলেন না।

কাশ্মীরে হানাদারদের বিরুদ্ধে ভারতীয় সৈন্যদল যে মনোবল ও বিক্রম দেখাইয়াছিলেন তাহা জগতে খুব কম দেখা যায়। সাত হাজার ফিট্ উচ্চ পার্ব্বত্য ভূমিতে ভারতীয় সৈন্যেরা ট্যাঙ্ক চালাইয়া রণ-কৌশল দেখাইয়াছিলেন। ভারতীয় সৈন্যদল যখন হানাদারদের প্রায় সীমান্তে ঠেলিয়া আনিয়াছে, আর দিন কয়েকের মধ্যে তাঁহারা যখন যুদ্ধ শেষ করিয়া কাশ্মীরকে বিপদমুক্ত করিবেন, ঠিক সেই সন্ধিক্ষণে হুকুম হইল—অস্ত্র সম্বরণ কর। ভারতীয় বীর সেনাদল জয়লাভের সময় কর্ত্তাদের দুর্বুদ্ধিতে হারিলেন। মাউণ্টব্যাটেন-এওয়ার্ড অনুসারে যে কাশ্মীর ভারত ইউনিয়নে যোগদান করিয়াছে, মাউণ্টব্যাটেন স্বয়ং যাহার চুক্তিনামা গ্রহণ করিয়াছেন, সেই কাশ্মীরের জন্য ইউ-এন-ওতে যাওয়া কি রাজনীতিজ্ঞ বুদ্ধিমানের কার্য্য হইয়াছে? তবু তখনকার পণ্ডিত নেহেরুই লেকসাকসেসে কেন যে নালিশ করিতে গেলেন, তাহা তিনিই জানেন।

এই অমার্জ্জনীয় প্রকাণ্ড ভুল সংশোধনের সুযোগ দিলেন ডিক্সন। তিনি যখন পাকীস্থানকে আক্রমণকারী আখ্যা দিলেন, তখনই নেহেরু ইউ-এন-ওকে বলিতে পারিতেন যে আমাকে কাশ্মীর পরিষ্কার করিয়া আক্রমণকারীদের বহিষ্কৃত করিতে দাও, না হয় নিজেরা অবিলম্বে সৈন্য পাঠাও। কোরিয়ায় আমেরিকাকে ইউ-এন-ও যে ক্ষমতা দিয়াছিল, যদি নেহেরু দৃঢ়ভাবে তাহা দাবি করিতেন, তাহা হইলে ভারতকে সেই ক্ষমতা দিতে আপত্তি করা শক্ত হইত। তিনি কাহার সনে পরম আত্মীয়তা করিবার জন্য সেই সুযোগ ত্যাগ করিলেন তাহা তিনিই জানেন। ডিক্সন রিপোর্ট ধামাচাপা পড়িয়া মাঠে মারা গেল। ভারতের প্রবল আপত্তি অগ্রাহ্য করিয়া তারপর পৃথিবীর শান্তিকামী শান্তির অবতার ইঙ্গ-মার্কিন প্রস্তাব গৃহীত হইল। এই সময়ে যদি ভারতের সর্ব্বেসর্ব্বা নেহেরু ইউ-এন-ও হইতে পদত্যাগ করিয়া সাহসের পরিচয় দিতে পারিতেন, তবে বিশ্ব রাজনীতির মোড় অন্যদিকে ঘুরিয়া যাইত।

চীন তো ইউ-এন-ওতে নাই, ভারত যদি বাহির হইয়া আসিত, রাজনীতিজ্ঞগণ অনুমান করেন, তাহা হইলে সোভিয়েট-ব্লকও পদত্যাগ করিত। লেকসাকসেস তখন অন্তঃসারহীন প্রহসনে পরিণত হইত। যে সাহস সময়ে দেখাইলে কাজ হয়, ভারতের প্রধান মন্ত্রী নেহেরু সাহেবের কোষ্ঠীতে সে সাহস লেখা নাই। ইঙ্গ-মার্কিনদের যে প্রস্তাব কার্য্যে পরিণত করার মতলবে গ্রেহাম আসিয়াছেন, নেহেরু তাহা অগ্রাহ্য করিয়া বীরত্বের পরিচয় দিলেন, কিন্তু গ্রেহামের সঙ্গে সাক্ষাৎ করিবার সৌজন্য দেখাইতে তিনি দ্বিধা করিলেন না। গ্রেহাম আসিবার আগে হইতেই পাকীস্থানে জেহাদের জিগীর উঠিয়াছে। ভারতে নেহেরুর আগ্রহাতিশয্যে ভারতীয় রাষ্ট্রবিধি পর্য্যন্ত পরিবর্ত্তিত হইয়া পাকীস্থানের সহিত বন্ধুত্ব রক্ষার ভিত্তি দৃঢ় করা হইয়াছে। পাকীস্থান ভারতের সীমান্তে সৈন্য সমাবেশ করিতে আরম্ভ করার পরও ভারত যে সৈন্য সমাবেশ করিতেছেন, পণ্ডিতজী তাহাতে এই ধুয়াই ধরিয়া আছেন, যে তিনি কখনও পাকীস্থান আক্রমণ করিবার আশা করেন না। শুধু কথায় নয়, পাকীস্থানী প্রধান মন্ত্রী জনাব লিয়াকত জানেন যে দুর্ব্বলচিত্ত নেহেরুকে একটু কায়দায় আনিতে পারিলেই তাঁহার কাছে বহু সুবিধা আদায় করা যায়। গত বার চুক্তির কৌশলে ফেলিয়া কত কয়লা, কত সুবিধা লইয়াছেন; কিন্তু তিনি তাঁহার প্রতিশ্রুতি কতদূর রাখিয়াছেন, তাহা পাটের হিসাব দেখিলেই বোঝা যাইবে যে জনাব লিয়াকত—লিয়া কত আর দিয়া কত। নেহেরু অনেক সুবিধা লিয়াকতকে সমর্পণ করিয়া এখন লিয়াকতের সমর-পণ দেখিয়া নিশ্চয় মুগ্ধ হইতেছেন। এক দোস্ত যখন সমর্পণ করে, অপর দোস্ত তখন সমর-পণ করে। এ একই জিনিস—কেবল বানানের একটু পার্থক্য মাত্র।

—

## অতিকায় মানব

হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড পত্রিকায় একটী অতিকায় মানবের ফটো ও পরিচয় প্রকাশিত হইয়াছে। পূর্ণিয়া জেলার সারা গ্রামের শ্রীতীর্থানন্দ সিং নামক জনৈক সঙ্গতিপন্ন ব্যক্তির ওজন ৬৷৷০ মণ তিনি উচ্চতায় ৭ ফুট। দৈনিক অন্যান্য আহারের সঙ্গে দশ সের দুধ খান। বয়স তাঁর ৫০ বৎসর। সিংহ মহাশয়ের বহু জমি জমা আছে। ইচ্ছা করিলে তিনি কোন পরিশ্রম না করিয়া আরামে দিন কাটাইতে পারেন কিন্তু তাহা না করিয়া তিনি প্রত্যহ যথেষ্ট পরিমাণ জমি স্বহস্তে চাষ করেন।

—

## স্পেশাল পারমিট বন্ধ

ইতিপূর্ব্বে জঙ্গিপুর মহকুমার খাদ্য নিয়ামকের অফিস হইতে বিবাহ, উপনয়ন, শ্রাদ্ধ, পূজা প্রভৃতি অনুষ্ঠানের জন্য গৃহস্থগণ 'স্পেশাল পারমিটে' চিনি ও ময়দা পাইতেন। বর্ত্তমানে ঐ ব্যবস্থা একেবারে বন্ধ হইয়া গিয়াছে। 'স্পেশাল পারমিটের' জিনিস দেওয়ার জন্য একটী পৃথক দোকান ছিল। পারমিট

দেওয়া বন্ধ হইলে দোকানটীরও অস্তিত্ব লোপ পাইবে বলিয়া মনে হয়।

## বদলী

জঙ্গিপুরের সার্কেল অফিসার শ্রীবিজয়কুমার গুহ রায় ২৪ পরগণা জেলার ডায়মণ্ডহারবার মহকুমায় বদলী হইয়া গিয়াছেন।

## স্বাধীনতা দিবসের কার্য্যসূচী

আগামী ১৫ই আগষ্ট বুধবার স্বাধীনতা দিবস উৎসব উপলক্ষে নিম্নের কার্য্যসূচী নির্দ্ধারিত হইয়াছে। জনগণকে পুলিশ প্যারেড দেখিবার জন্য আমন্ত্রণ করা হইয়াছে।

ভোর ৪-৩০ মিনিট—প্রভাত ফেরী।

সকাল ৭টায়—সমস্ত সরকারী প্রতিষ্ঠানে, পৌর-সভা-গৃহে ও বিত্থালয়সমূহে জাতীয় পতাকা উত্তোলন।

বেলা ৮-১৫ মিনিটে—জঙ্গিপুর ফৌজদারী আদালত প্রাঙ্গনে পুলিশ প্যারেড।

বৈকাল ৫টায়—মহকুমা স্পোর্টস এসোসিয়েশনের ব্যবস্থাপনায় ফুটবল প্রতিযোগিতা।

এই দিন সকল বেসরকারী প্রতিষ্ঠান, সাধারণ গৃহ ও যান-বাহনে পতাকা উত্তোলন করার অনুমতি দেওয়া হইয়াছে।

চৌকি জঙ্গিপুর

## প্রথম মুন্সেফী আদালত

১১৯।৫১ ছোট

বাদী—নাসিরুদ্দিন সেখ    বিবাদী—সহিদ সেখ
সাং মুকুন্দপুর    সাং মুকুন্দপুর

এতদ্দারা থানা রঘুনাথগঞ্জের সামিল মুকুন্দপুর গ্রাম নিবাসী সর্ব্বসাধারণকে অবগত করান যাইতেছে যে উক্ত মুকুন্দপুর গ্রামের জনসাধারণের প্রাপ্য বিবাদীর নিকট গচ্ছিত টাকা ঐ গ্রামের জনসাধারণের পক্ষ হইতে বাদী বিবাদীর নিকট আদায় জন্য দেওয়ানী কার্য্যবিধি আইনের ১ হুকুম ৮ রুল মতে উপরোক্ত মোকর্দ্দমা দায়ের করিয়াছেন। তাহাতে কাহারও আপত্তি থাকিলে বা যে কেহ বাদী শ্রেণী হইতে ইচ্ছুক হইলে আগামী ৩১।৮।৫১ তারিখে অত্র কোর্টে হাজির হইয়া দর্শাইবেন।

এ, কে, দে,
প্রথম মুন্সেফ, জঙ্গিপুর।

## নিলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
নিলামের দিন ১৭ই সেপ্টেম্বর ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

২৫৯ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দিং দেং মলিন মণ্ডল দাবি ৫১।/৬ থানা ফরক্কা মৌজে খাপড়া ৪॥৩ জমির কাত ৭৩ আঃ ১০৲ খং সেটেলমেণ্ট হয় নাই

২৬০ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং উম্মর মণ্ডল দাবি ৫৪॥৶৩ থানা ফরক্কা মৌজে খাপড়া ৫/০ জমির কাত ৭॥৵০ আঃ ১০৲ খং সেটেলমেণ্ট হয় নাই

২৬১ থাং ডিঃ ঐ দেং বিশারত মণ্ডল দাবি ২৭॥৶৯ মৌজাদি ঐ ১৫০ জমির কাত ২॥৵১০ আঃ ৫৲ খং সেটেলমেণ্ট হয় নাই

১৯০ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং বিমলা মণ্ডলানী দাবি ১০/৯ থানা ফরক্কা মৌজে গোবিন্দরামপুর ১৬ শতকের কাত ॥/৩ পাই আঃ ২৲ খং ১৯ রায়ত স্থিতিবান

১৯৩ থাং ডিঃ ঐ দেং হাজি রহিমবক্স সেখ দিং দাবি ১৮॥৶৬ থানা ঐ মৌজে বেনিয়াগ্রাম ৫১ শতকের কাত ১॥৮ আঃ ৫৲ খং ৯৭৭ ঐ স্বত্ব

১৯৮ থাং ডিঃ ঐ দেং সাবিরুদ্দিন সেখ দিং দাবি ২৬॥৯ থানা ঐ মৌজে কুলি ৯২ শতকের কাত ৩/৯ আঃ ১৫৲ খং ৬৭৭ রায়ত মোকররী

২৫৪ থাং ডিঃ গৌরচন্দ্র আলিপাত্র দিং দেং তারাপদ বন্দ্যোপাধ্যায় দিং দাবি ১১/৬ থানা সাগরদীঘি মৌজে নওপাড়া ১৮ শতকের কাত ১৲ আঃ ১০৲ খং ৬২৮

১৯৫০ সালের ডিক্রীজারী

৩৮১ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং দৌলতনেসা মৃতাস্তে ওয়ারিশ জুবরি বিবি ওরফে সায়রাতন বিবি দাবি ৭১॥৶৩ থানা সাগরদীঘি মৌজে বুধি ৭৩৩ শতকের কাত ২০৵৬ আঃ ১০৲ খং ৩৫

১৯৫১ সালের ডিক্রীজারী

২০৭ থাং ডিঃ মেহালিয়া ষ্টেটের ট্রাষ্টি রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং ফেলুসুন্দরী মৃতাস্তে ভক্তিভূষণ পরামাণিক দিং দাবি ১৬৲ থানা সাগরদীঘি মৌজে চামুণ্ডা ৬৫ শতকের কাত ১।০ আঃ ৫৲ খং ১৫৮

২১৮ থাং ডিঃ ঐ দেং মোহিনী মণ্ডল ও ষোড়শীবালা দেবী দাবি ২৩৮/৩ মৌজাদি ঐ ১০৫ শতকের কাত ৩॥০ আঃ ১০৲ খং ২৬১

২০৬ থাং ডিঃ ঐ দেং সত্যব্রত ভট্টাচার্য্য দাবি ২৩৩ থানা ঐ মৌজে নওপাড়া ১২৬ শতকের কাত ৩৩ আঃ ১০৲ খং ২৫।২৩

২০৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২৩॥৶৩ মৌজাদি ঐ ৮-৪৮ শতকের কাত ৩৭॥৶৬ আঃ ৫০৲ খং ২৫

২০৯ থাং ডিঃ ঐ দেং আসমা খাতুন বিবি মৃতাস্তে সাখিয়াতুন বিবি দাবি ৩০৮০ মৌজাদি ঐ ৯৮৯ শতকের কাত ১৫৮/৬ আঃ ১০৲ খং ১৮৮

২২১ থাং ডিঃ সেবাইত প্রমথনাথ মহাতা দেং পান্নাকুমারী রায় দাবি ১২৵০ থানা সাগরদীঘি মৌজে খেরুর.৬ শতকের কাত ১৲ আঃ ৫৲ খং ৯৭

২২০ থাং ডিঃ সেবাইত মহান্ত গণপতি দাস গোস্বামী দেং হোসেন সেখ দাবি ৬০॥৵০ থানা সাগরদীঘি মৌজে ভুঁইহাট ২০৮ শতকের কাত ১০৲ আঃ ১০৲ খং ৩৭৫

২৪৯ থাং ডিঃ ঐ দেং মনোহরচন্দ্র সিংহ দাবি ৯০৮৵৩ থানা ও মৌজে সাগরদীঘি ৩৪৫ শতকের কাত ১৫।০ আঃ ১০৲ খং ১০৯

২৩৯ থাং ডিঃ সেবাইত রাজা প্রতিভানাথ রায় দেং নোমান সেখ দিং দাবি ৩৬।৵৯ থানা সাগরদীঘি মৌজে আরাজি যাদবপুর ১৯৭ শতকের কাত ৩৮৬ আঃ ১০৲ খং ৫২

[ পর পৃষ্ঠা দেখ

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৭ই সেপ্টেম্বর ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

২১৯ থাং ডিঃ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং রাখালচন্দ্র মিত্র হাজরা দিং দাবি ১৩॥৯ থানা সাগরদীঘি মৌজে বোখারা ১১ শতকের কাত ১৲ আঃ ৫৲ থং ৬৯৮

১৮ মনি ডিঃ সেবাইত মহান্ত গণপতি দাস গোস্বামী দেং দিলমহম্মদ মণ্ডল দাবি ৩৬২॥৶৯ থানা সাগরদীঘি মৌজে ভুরকুণ্ডা ৩৭৩ শতকের কাত ১৲ আঃ ২৫৲ থং ১৪১ ২নং লাট মৌজাদি ঐ ৪৩ শতকের কাত ১৸৶০ আঃ ২০৲ থং ১৪৪ ৩নং লাট মৌজাদি ঐ ৮১ শতকের কাত ৪।৬ আঃ ২০৲ থং ১৪৯ ৪নং লাট মৌজাদি ঐ ১০৬৩ শতকের সেস ১৸৶১০ আঃ ২০৲ থং ৬৫

২২৯ থাং ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং রেজা সাঁওতাল দাবি ৪৩৮/৬ থানা ফরক্কা মৌজে সুদনা ৪॥১৲১৯ জমির কাত ৬৮৩ আঃ ৪০৲


২৩০ থাং ডিঃ মনোরঞ্জন সেন কমন ম্যানেজার দেং অহিভূষণ ধর দাবি ১৫৪॥/৯ থানা সাগরদীঘি মৌজে ঘুগুরীডাঙ্গা ৪-১৭ শতকের কাত ২৬৲ আঃ ১৩০৲ থং ৩৬৭

২৩১ থাং ডিঃ ঐ দেং মসলেম উদ্দিন সরকার দাবি ১২৩৮৶০ মৌজাদি ঐ ৪-৩২ শতকের কাত ২০৮৩ আঃ ১১৫৲ থং ১০৬, ১৪৭, ১৪৮

২৩২ থাং ডিঃ ঐ দেং বিন্দুবাসিনী ধর দাবি ২৭॥৩ থানা ঐ মৌজে ঘুগুরীডাঙ্গা ও চোরদীঘি ২-৮৫ শতকের কাত ২০৮৩ আঃ ২০৲ থং মৌজে ঘুগুরীডাঙ্গা ৭০ ও মৌজে চোরদীঘি ৩৮

২৩৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৪।৶০ থানা ঐ মৌজে চোরদীঘি ৬-৬ শতকের কাত ৩৩।৶৩ আঃ ২০৲ থং ৫৯

---



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত